

প্ল্যান্ট ম্যানেজারের কার্যালয়

ঢাকা ওয়াসা বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট
প্লট-৮, সেকশন-১০, মিরপুর, ঢাকা-১২১৬।

স্মারক নং- ৫৬ / বোপাউপ্ল্যা

তারিখ-২৫/০৮/১০ইং

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,
ঢাকা ওয়াসা,

বিষয়ঃ একক ভাউচারে প্ল্যান্ট ম্যানেজারকে ৫,০০০/=টাকা পাশ করার ক্ষমতা প্রদান ও বোতলজাত প্ল্যান্টের ইমপ্রেস্ট ৩০,০০০/= (ত্রিশ হাজার) টাকা করা প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে জানানো যাইতেছে যে, ঢাকা ওয়াসা বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টটি বহু প্রাইভেট কোম্পানির সঙ্গে প্রতিযোগিতা করিয়া পরিচালনা করিতে হয়। ঐ সব ব্যক্তি মালিকানাধীন প্রাইভেট কোম্পানীর প্ল্যান্ট ম্যানেজারের আর্থিক ক্ষমতা অপরিসীম। অনুরূপ কোন ক্ষমতা অত্র প্ল্যান্টের প্ল্যান্ট ম্যানেজারের নাই।। যাহা প্ল্যান্ট পরিচালনার জন্য বড় অন্তরায়। সুষ্ঠু ও লাভজনকভাবে প্ল্যান্টটি পরিচালনার লক্ষ্যে প্ল্যান্ট ম্যানেজারের আর্থিক ক্ষমতা বৃদ্ধি করা অপরিহার্য বিধায় বিষয়টি বিবেচনায় আনিয়া বোতলজাত প্ল্যান্টের প্ল্যান্ট ম্যানেজারকে একক ভাউচারে ৫,০০০/(পাঁচ হাজার) টাকা পাশ করার ক্ষমতা প্রদান ও বোতলজাত প্ল্যান্টের ইমপ্রেস্ট ৩০,০০০/(ত্রিশ হাজার) করার জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক সদয় অনুমোদিত হইয়াছে। অনুমোদিত নোট শীটের সত্যায়িত কপি এতদসঙ্গে সংযুক্ত করা হইল।

এমতাবস্থায় প্ল্যান্টের কাঁচামাল, যন্ত্রাদি, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ, অফিসের মালামাল ইত্যাদি জরুরী ভিত্তিতে সরাসরি ক্রয়ের বিষয়ে উপরে বর্ণিত অনুমোদন অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে আপনার প্রয়োজনীয় সহযোগিতার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল।

(প্রকৌঃ রবিউল কাইজার)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী

ও

প্ল্যান্ট ম্যানেজার
বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট, ঢাকা ওয়াসা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হইলঃ

- ১। উপ ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন), ঢাকা ওয়াসা।
- ২। বানিজ্যিক ব্যবস্থাপক, ঢাকা ওয়াসা।
- ৩। সিনিয়র অডিট অফিসার, ঢাকা ওয়াসা।

ঢাকা ওয়াসা

বিষয়ঃ একক ভাউচারে প্ল্যান্ট ম্যানেজারকে ১০,০০০/= টাকা পাশ করার ক্ষমতা প্রদান প্রসঙ্গে।
সূত্রঃবোতলজাত প্ল্যান্টের বিষয়ে ০৯/০৮/১০ তারিখে অনুষ্ঠিত জরুরী আলোচনা সভার সিদ্ধান্ত।

২০। উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাইতেছে যে, ঢাকা ওয়াসা বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টটি বহু প্রাইভেট কোম্পানির সঙ্গে প্রতিযোগিতা করিয়া পরিচালনা করিতে হয়। ঐ সব ব্যক্তি মালিকানাধীন প্রাইভেট কোম্পানীর প্ল্যান্ট ম্যানেজারের আর্থিক ক্ষমতা অপরিসীম। অত্র প্ল্যান্টের প্ল্যান্ট ম্যানেজারের সরাসরি একক ভাউচারে মাত্র ১০০০/ টাকা পাশ করার ক্ষমতা রহিয়াছে। যাহা প্ল্যান্ট পরিচালনার জন্য বড় অন্তরায়। সুষ্ঠু ও লাভজনকভাবে প্ল্যান্টটি পরিচালনার লক্ষ্যে প্ল্যান্ট ম্যানেজারের আর্থিক ক্ষমতা বৃদ্ধি করা অপরিহার্য। বিষয়টি গত ০৯/০৮/১০ তারিখে সকাল সাড়ে নয়টায় ডি.এম.ডি.(প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষে ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক, ডি.এম.ডি.(ও.এন্ড এম.), ডি.এম.ডি.(অর্থ), প্রধান প্রকৌশলী, প্ল্যান্ট ম্যানেজার এবং প্ল্যান্টের ও.এন্ড এম. ঠিকাদারের সম্মুখে অনুষ্ঠিত সভায় বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত হয়। সভায় ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বলেন প্ল্যান্টের কাজের স্বার্থে সরাসরি ক্রয় করার জন্য একক ভাউচারে সর্বোচ্চ ~~১০,০০০/-~~ (প্রাচ হাজার) টাকা খরচ করার আর্থিক ক্ষমতা প্ল্যান্ট ম্যানেজারকে প্রদান করা দরকার। এমতাবস্থায়, প্ল্যান্টের কাঁচামাল, যন্ত্রাদি, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ, অফিসের মালামাল ইত্যাদি জরুরী ভিত্তিতে সরাসরি ক্রয় করার জন্য একক ভাউচারে সর্বোচ্চ ~~১০,০০০/-~~ (১০ হাজার) টাকা খরচ করার আর্থিক ক্ষমতা প্ল্যান্ট ম্যানেজারকে প্রদান করা এবং প্ল্যান্টের স্থায়ী দাদন ২০,০০০/- (বিশ হাজার) টাকার স্থলে ~~১০,০০০/-~~ (দশ হাজার) টাকা করার আর্থিক ও প্রশাসনিক অনুমোদনের জন্য সনিয়ে পেশ করা হইল।

১১/০৮/১০
মোঃ জাহিদ উদ্দিন বাবর
সহকারী প্রোগ্রামার
বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট
ঢাকা ওয়াসা

মোঃ মোস্তাফিজ হোসেন
উপসচিব (প্রশাসন)
বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট
ঢাকা ওয়াসা

মোঃ ইদ্রিস আলী
অতিরিক্ত ম্যানেজার
বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট
ঢাকা ওয়াসা

প্রকৌঃ রবিউল কাইজার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা ওয়াসা
প্ল্যান্ট ম্যানেজার
বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট

প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

উঃ প্রকৌশলী, সিস্টেমস ও ইলেক্ট্রিক্যাল
উপসচিব (প্রশাসন) পরিচালক (অতিরিক্ত)
ঢাকা ওয়াসা

প্রকৌঃ জাকিয়া আলী
সহকারী প্রকৌশলী
ঢাকা ওয়াসা

প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা